দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 26 FEB 1989
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬

005

# দশম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা চালুর দাবী

বাংলাদেশ শিক্ষক সমিতি দশম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা, শিক্ষকদের চাকরি জাতীয়করণসহ ১১ দফা দাবী মেনে নেয়ার জন্য সরকারের প্রতি অনুরোধ করছে।

গতকাল সমিতির ভারপ্রাপ্ত সভাপতি আবদুর নুর চৌধুরীর সভাপতিত্বে ঢাকা শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত দ্বিবার্ষিক প্রতিনিধি সম্মেলনে এ দাবী জানান হয়। প্রধান অতিথি ছিলেন ইত্তেফাকের সম্পাদক মণ্ডলীর সভাপতি ব্যারিষ্টার মইনুল হোসেন। বিকেলের অধিবেশনে, ফয়জুর রহমানকে সভাপতি করে ২৫ সদস্যবিশিষ্ট কার্যকরী কমিটি গঠিত হয় খবর সংবাদ বিজ্ঞপ্তির।